

নং- ১৬.০০.০০০০.০০৩.১৮.০০১.১৬-৩৫৫

তারিখ : ০৩/০৪/২০১৬খ্রিঃ

বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় হজ ও ওমরাহ নীতি ২০১৬ খ্রিঃ/ ১৪৩৭ হিজরী এর ৩.১.১ এবং ৩.১.৩ অনুচ্ছেদ মোতাবেক গত ২৩/০৩/২০১৬ খ্রিঃ তারিখ হতে ২০১৬ সনের হজে গমনেচ্ছুদের (সরকারি ও বেসরকারিভাবে) প্রাক-নিবন্ধন শুরু হয়। গত ২৮/০৩/২০১৬ খ্রিঃ তারিখে বেসকারিভাবে হজ গমনেচ্ছুদের কোটা পূর্ণ হলে বেসরকারিভাবে হজে গমনেচ্ছুদের প্রাক-নিবন্ধন সাময়িকভাবে বন্ধ করা হয়। ইতোমধ্যে বিজনেস অটোমেশন লিঃ কর্তৃক দাখিলকৃত তথ্য-উপাত্ত ও হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব) কর্তৃক দাখিলকৃত পত্রের বিষয়ে ৩১/০৩/২০১৬ খ্রিঃ ধর্ম মন্ত্রণালয়ে সংশ্লিষ্ট সকলের উপস্থিতিতে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় বিস্তারিত আলোচনার পর সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয় যে, আগামী ০৩/০৪/২০১৬ খ্রিঃ তারিখ হতে পুনরায় নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে বেসকারি প্রাক-নিবন্ধন শুরু করা হবে এবং তা ৩০/০৫/২০১৬ খ্রিঃ পর্যন্ত অব্যাহত থাকবে।

শর্ত সমূহ :

(১) ০৩/০৪/২০১৬ খ্রিঃ হতে ৩০/০৫/২০১৬ খ্রিঃ পর্যন্ত বেসরকারিভাবে প্রাক-নিবন্ধিতগণের তালিকা কোন ক্রমেই ২০১৬ খ্রিঃ সনের হজে গমনের কোন প্রকার নিশ্চয়তা দিচ্ছে না।


(২) হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব) এ মর্মে ঘোষণা দিবে এবং ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে ঘোষণাপত্র দাখিল করবে যে, ০৩/০৪/২০১৬ খ্রিঃ হতে ৩০/০৫/২০১৬ খ্রিঃ পর্যন্ত বেসরকারিভাবে প্রাক নিবন্ধিতদের ২০১৬ খ্রিঃ সনের হজ প্যাকেজের সুযোগ প্রদানের জন্য কোন এজেন্সি বা কোন এজেন্সির মাধ্যমে নিবন্ধিত কোন হজ গমনেচ্ছু কোন প্রকার দাবী/দাবী পূরণে কোন প্রকার চাপ প্রয়োগ করবে না।

(৩) ২৮/০৩/২০১৬ খ্রিঃ তারিখ পর্যন্ত বেসরকারিভাবে প্রাক-নিবন্ধিত কোন হজ গমনেচ্ছু জাতীয় হজ ও ওমরাহ নীতি ২০১৬ খ্রিঃ/ ১৪৩৭ হিজরী এর ৩.১.৮ এবং ৭.৪ অনুচ্ছেদ মতে বাদ পড়লে বা গমন করতে না পারলে ০৩/০৪/২০১৬ খ্রিঃ তারিখ হতে বেসরকারিভাবে প্রাক-নিবন্ধিতদের মধ্য হতে ক্রমানুসারে পূরণ করা হবে। ক্রমানুসারে পূরণ করার পর অবশিষ্ট প্রাক-নিবন্ধিতগণ ২০১৭ খ্রিঃ সনের হজের জন্য প্রাক-নিবন্ধিত বলে গণ্য হবেন।

(৪) বাদ পড়া বেসরকারি হজযাত্রীদের ক্ষেত্রে ০৩/০৪/২০১৬ খ্রিঃ তারিখ হতে ৩০/০৫/২০১৬ খ্রিঃ তারিখ পর্যন্ত বেসরকারিভাবে প্রাক-নিবন্ধিতদের তালিকা হতে কোনভাবেই এজেন্সি ডিভিক পূরণের দাবী উত্থাপন করা যাবে না।

তারিখ :

নির্দেশক্রমে,


০৩.০৪.২০১৬
মোঃ শহীদুল্লাহ তালুকদার
সহকারী সচিব (হজ-২)
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়